



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বেসরকারি কলেজ শাখা  
www.dshe.gov.bd  
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০১৫.২১.৩৭৯

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ ১৪২৮

১১ জুন ২০২১

বিষয়: চুয়াডাঙ্গা জেলার বড় সলুয়া নিউ মডেল ডিগ্রি কলেজের মোঃ মাছুদুর রহমান সহকারী  
অধ্যাপকের বেতন ভাতা পুনঃরায় চালুকরণ

চুয়াডাঙ্গা জেলার বড় সলুয়া নিউ মডেল ডিগ্রি কলেজের মোঃ মাছুদুর রহমান সহকারী অধ্যাপকের বেতন ভাতা পুনঃরায় চালুকরণ বিষয়ে অধ্যক্ষ আবেদন করেছেন।

আবেদনের বর্ণনাঃ চুয়াডাঙ্গা জেলার বড় সলুয়া নিউ মডেল ডিগ্রি কলেজের জনাব মোঃ মাছুদুর রহমান পদার্থ বিজ্ঞানের প্রভাষক হিসেবে ১৮/০১/২০০৫খ্রি. তারিখে যোগদান করে ০১/০৫/২০১০খ্রি. তারিখে এমপিওভুক্ত হন। ইনডেক্স নং ৩০৭৯৫৫৩। তিনি ০১/০৭/২০১৮খ্রি. তারিখে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি পান। তিনি মানসিক রোগের কারণে গত ০৯/০৬/২০১৯খ্রি. তারিখে পদত্যাগপত্র দাখিল করেন এবং গভর্নিং বডির ১০১ নং সভায় অনুমোদিত হয়। কলেজের এমপিও শিটে আগষ্ট ২০১৯ পর্যন্ত নাম ছিল।

তিনি চিকিৎসা নিয়ে সুস্থ হওয়ার পর জাতীয় বিশ্ববিদ্যালয়ে গত ১৯/১০/২০২০খ্রি. তারিখে আপিল করেন এবং ২৬/১১/২০২০ইং তারিখে শুনানী শেষে স্মারক নং INS02-4/00085/2016/0116/8৯১৮৭ তারিখ ০৪/০১/২০২১খ্রি. মোতাবেক স্বপদে যোগদানের নির্দেশ দেন। গভর্নিং বডির ১০৯ নং সভায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের চিঠি উপস্থাপিত হলে তার শারীরিক সুস্থ ও মানবিক দিক বিবেচনা করে পুনঃরায় স্বপদে যোগদানের সিদ্ধান্ত গৃহীত হয়। এর প্রেক্ষিতে গত ২২/০২/২০২১খ্রি. তারিখে পুনঃরায় যোগদান করেন।

চুয়াডাঙ্গা জেলার বড় সলুয়া নিউ মডেল ডিগ্রি কলেজের মোঃ মাছুদুর রহমান সহকারী অধ্যাপকের উপরোক্ত কাগজপত্র ও মানবিক দিক বিবেচনা করে ইনডেক্স নম্বর পুনরায় চালুসহ বেতনের সরকারি অংশ চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন।

এমতাবস্থায়, বর্ণিত শিক্ষক এর নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনায় নিয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন দাখিল করার জন্য উপপরিচালক (কলেজ) ও সহকারী পরিচালক (কলেজ), মাউশি, আঞ্চলিক কার্যালয়, খুলনাকে নির্দেশক্রমে দায়িত্ব প্রদান করা হলো।

০১. উক্ত শিক্ষকের চাকরি হতে অব্যাহতির প্রক্রিয়া।
০২. তাঁর এমপিও কর্তন এর প্রক্রিয়া।
০৩. এমপিওভুক্তি থেকে অদ্যাবধি তাঁর কলেজে উপস্থিতি।
০৪. তাঁর মানসিক অসুস্থকালীন ছুটি সংক্রান্ত তথ্য।

১১-৬-২০২১

মোঃ আবদুল কাদের

বিতরণ :


- ১) উপপরিচালক(কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা খুলনা অঞ্চল, খুলনা।
- ২) সহকারী পরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা খুলনা অঞ্চল, খুলনা

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০১৫.২১.৩৭৯/১(৩)

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ ১৪২৮  
১১ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সভাপতি, গভর্নিং বডি, বড় সলুয়া নিউ মডেল ডিগ্রি কলেজ, চুয়াডাঙ্গা।
- ২) অধ্যক্ষ, বড় সলুয়া নিউ মডেল ডিগ্রি কলেজ, চুয়াডাঙ্গা।
- ৩) মোঃ মাসুদুর রহমান, সহকারী অধ্যাপক (পদার্থ বিজ্ঞান), বড় সলুয়া নিউ মডেল ডিগ্রি কলেজ, চুয়াডাঙ্গা। .



১১-৬-২০২১

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক